

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২০২৮

আগরতলা, ৩০ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“কুলাই জেলা হাসপাতালের কিছু চিকিৎসকের নগ্নভাবে ব্যবসা করার প্রবণতা, স্ফোভ,” এই শিরোনামে দৈনিক সংবাদ পত্রিকায় গত ২১ জুলাই, ২০২৫ তারিখে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই বিষয়ে তদন্তের জন্য ধলাই জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের নির্দেশে একটি চার সদস্যবিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছিল। এই তদন্ত কমিটির প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে দপ্তরের পক্ষ থেকে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, উক্ত তদন্ত কমিটির সদস্যরা গত ২৪ জুলাই, ২০২৫ তারিখে কমলপুরস্থিত বিমল সিনহা মেমোরিয়াল মহকুমা হাসপাতাল সংলগ্ন এলাকা সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে তদন্ত কমিটির সদস্যরা দেখতে পান যে, এই মহকুমা হাসপাতাল সংলগ্ন এলাকায় অবস্থিত কোনও প্যাথলজিক্যাল ল্যাবরেটরির ভেতরে কোনো চিকিৎসকের চেম্বার বা প্র্যাকটিস ক্লিনিক নেই।

\*\*\*\*\*